

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।  
www.dme.gov.bd

তারিখ ০১.১১.২০১৭খ্রি.

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৮.১৭-৬৬৬  
বিষয়: বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি না থাকা কালে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বেতন-ভাতাদির এম,পি,ও বিলে প্রতিস্বাক্ষর প্রসঙ্গে।

সূত্রঃ (১) জামদই গতিউল্লাহ আলিম মাদরাসার স্মারক নং-অধ্যক্ষএর আবেদন

তারিখঃ:১৭.১০.২০১৭খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩-৬৭

তারিখঃ:২৩.০৬.২০০২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, জামদই গতিউল্লাহ আলিম মাদরাসার অধ্যক্ষ (জনাব এ,জি,এম ইলিয়াস) কর্তৃক এ অধিদপ্তরে লিখিত আবেদনের মাধ্যমে জানানো হয়েছে যে, মহোদয়ের মাদরাসার গভর্নিং বডির মেয়াদ ২৪.১১.২০১৬খ্রি: তারিখে শেষ হয়েছে।

২. পরবর্তীতে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক ২৮.১২.২০১৬ খ্রি: তারিখে এড-হক কমিটি অনুমোদিত হয়। এড-হক কমিটির মেয়াদের মধ্যে নিয়মিত কমিটি গঠন সম্ভব না হওয়ায় আবারও এড-হক কমিটি গঠনের কার্যক্রম প্রক্রিয়াবীন রয়েছে মর্মে অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনে উল্লিখিত হয়েছে।

৩. নিয়মিত/এড-হক কমিটি না থাকায় বর্ণিত মাদরাসার শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলন সম্ভব হচ্ছে না মর্মে অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনে আরো উল্লিখিত হয়েছে।

৪. বর্ণিত অবস্থায় বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (স্কুল, কলেজ, মাদরাসা) ম্যানেজিং কমিটি ক্ষেত্রভেদে গভর্নিং বডি /এড-হক কমিটির অনুপস্থিতিতে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি উত্তোলনের স্বার্থে প্রতিষ্ঠানের বেতন-ভাতাদির বিলে উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার ও জেলা সদরের ক্ষেত্রে জেলা প্রশাসক প্রতিস্বাক্ষর করবেন মর্মে সরকারি সিদ্ধান্ত রয়েছে (সূত্রে বর্ণিত ২ নং স্মারকের কপি সংযুক্ত)।

৫. উল্লেখ্য যে, বর্ণিত মাদরাসার সহকারী মৌলভী জনাব মো: আমিনুল হক কর্তৃক গত ১৩.০৯.২০১৭ খ্রি: তারিখে (যার স্মারক নং-জগঅম/২০১৭-১৮, তারিখ:০৬.০৯.২০১৭ খ্রি:) মাদরাসা শিক্ষা অধিদপ্তরে দাখিলকৃত আবেদনে তথ্য গোপনপূর্বক নিজকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দাবী করে নিয়মিত কমিটি/এডহক কমিটির অবর্তমানে তাঁর স্বাক্ষরে ও উপজেলা নির্বাহী অফিসার এর প্রতি স্বাক্ষরে বেতন-ভাতা বিলে স্বাক্ষরের মাধ্যমে বিল উত্তোলনের নিমিত্ত আবেদন করা হয় এবং সেমতে তাঁর প্রদত্ত তথ্যানুযায়ী মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক তাঁর বিপরীতে পত্র জারী করা হয় যার স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৮.১৭-৬৮০, তারিখ:১৪.০৯.২০১৭ খ্রি:। কিন্তু বর্ণিত মাদরাসার অধ্যক্ষ (জনাব এ,জি,এম ইলিয়াস) কর্তৃক দাখিলকৃত শিক্ষক তালিকা পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মো: আমিনুল হক জ্যেষ্ঠতার তালিকায় ১৬ নম্বরে রয়েছেন। তাঁর অপেক্ষা ১৫ জন জ্যেষ্ঠ শিক্ষক থাকা সত্ত্বেও তিনি নিজকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ দাবী করেছেন যা শিক্ষা মন্ত্রণালয়ের শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬/৪৮৪, তারিখ:০৯.০৭.২০১২ খ্রি: স্মারক পত্রের নির্দেশনা লংঘনের (violation) শামিল মর্মে প্রতীয়মান হয়।

৬. এমতাবস্থায় জামদই গতিউল্লাহ আলিম মাদরাসার গভর্নিং বডি/এডহক কমিটি পুনরায় গঠিত না হওয়া পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের উক্ত আদেশ (সূত্রের ২ নং স্মারক) অনুসরণক্রমে বর্তমান অধ্যক্ষ জনাব এ,জি,এম ইলিয়াস এর স্বাক্ষরে এবং মহোদয়ের প্রতিস্বাক্ষরে বর্ণিত মাদরাসার শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলনের ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, এ পত্রের ৫ নং অনুচ্ছেদে বর্ণিত কারণে ৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৮.১৭-৬৮০, তারিখ:১৪.০৯.২০১৭ খ্রি: স্মারক পত্রটি বাতিলপূর্বক অত্র স্মারকটি নির্দেশক্রমে জারী করা হলো।

সংযুক্তি: বর্ণনা মতে- ০১ ফর্দ।

ASA  
02.11.17

(মো: আফাজ উদ্দীন)

উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ।

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

অনুলিপি:

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

১. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল।

ফোন নং-৯৩৪৫৮৮০

৩. জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।

ই-মেইল-dgmeb.@gmail.com

৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মান্দা, নওগাঁ।

৫. অধ্যক্ষ, জামদই গতিউল্লাহ আলিম মাদরাসা, ডাক-বৈদ্যপুর, মান্দা, নওগাঁ।

৬. অফিস কপি।